বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইল: dgmsme@krishibank.org.bd;

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০৪(এসএমই)-৭(১০)/২০২২-২৩/ ১৯৪০(১২৫০)    তারিখঃ ০৮/০২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ 'এসএমই ক্লাস্টার ডিরেক্টরি' প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে এসএমই ফাউন্ডেশন এর ২৬/১২/২০২২ তারিখের পত্র নং- ৩৬.১২.০০০০.০২৯.৩৮.০০৮.২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। এসএমই খাতের সুষ্ঠ বিকাশ ও উন্নয়নের মাধ্যমে টেকসই শিল্পায়ন তথা জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে শিল্প মন্ত্রনালয়ের উদ্যোগে এসএমই ফাউন্ডেশন প্রতিষ্ঠা করা হয়েছে। প্রতিষ্ঠালগ্ন থেকেই এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের জন্য নানাবিধ কর্মসূচী গ্রহন করার মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে অবদান রেখে যাচ্ছে। ফাউন্ডেশন দেশব্যাপী ১১৭ টি শিল্প ক্লাষ্টার চিহ্নিত করে উন্নয়ন কর্মপরিকল্পনা অনুযায়ী ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাষ্টারসমূহের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় দেশের বিভিন্ন প্রান্তে অবস্থিত ক্লাষ্টারসমূহে উন্নয়ন কার্যক্রম পরিচালনা করছে।

০৩। বাংলাদেশ প্রথমবারের মত এসএমই ফাউন্ডেশন ক্লাষ্টার ভিত্তিক ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ডিরেক্টরি প্রকাশ করেছে। ক্লাষ্টার ডিরেক্টরি উদ্যোক্তাদের পন্যের প্রচার প্রসার ও ক্রেতা বিক্রেতার মধ্যে সংযোগ স্থাপনে সহায়ক ভূমিকা পালন করার পাশাপাশি বিভিন্ন ক্লাষ্টারের অবস্থানসহ অন্যান্য তথ্য ডিরেক্টরিতে সন্নিবেশন করা হয়েছে। 'এসএমই ক্লাস্টার ডিরেক্টরি' বাংলাদেশের ক্লাষ্টার ভিত্তিক উদ্যোক্তাদের একমাত্র ডাটাব্যাংক। প্রাথমিকভাবে ৩০ টি ক্লাস্টারের প্রায় ৩,৫০০ জন উদ্যোক্তার তথ্য এবং সংশ্লিষ্ট ক্লাষ্টারের পন্য, কাঁচামাল, বাজার সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে।

০৪। ক্লাষ্টার ভিত্তিক ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ব্যবসার বাস্তবিক অবস্থা সম্পর্কে সামগ্রিক ধারনা লাভ, সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, দেশী বিদেশী সংস্থা, অ্যাসোসিয়েশন ও চেম্বার, ক্রেতা বিক্রেতাসহ ক্লাষ্টার উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের গবেষনা এবং উদ্যোক্তাদের মাঝে আন্তঃসংযোগ সৃষ্টিতে 'এসএমই ক্লাস্টার ডিরেক্টরি'সহায়ক ভূমিকা পালন করবে মর্মে আশা করা যায়।

০৫। এমতাবস্থায়, এসএমই ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত এসএমই ক্লাষ্টার ডিরেক্টরিতে সন্নিবেশিত ৩০টি ক্লাষ্টারের প্রায় ৩,৫০০ জন উদ্যোক্তার তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক তাঁদেও ব্যবসাস্থল সরেজমিনে পরিদর্শন করে সম্ভাব্য উদ্যোক্তাদের অত্র ব্যাংকের অর্থায়নের আওতায় নিয়ে আসার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ এসএমই ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত এসএমই ক্লাষ্টার ডিরেক্টরি।

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা-ক্রেবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ১৯৪০(১২৫০)    তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৮/০২/২০২৩
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রনালয়
এসএমই ফাউন্ডেশন
পর্যটন ভবন (৭ম-৮ম তলা), প্লট: ই-৫, সি/১, পশ্চিম আগারগাঁও
শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.smef.gov.bd

ক্রেডিট বিভাগ-১

সূত্রঃ ৩৬.১২.০০০০.০২৯.৩৮.০০৮.২১

তারিখঃ ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

বিষয়: 'এসএমই ক্লাস্টার ডিরেক্টরি' প্রেরণ প্রসঙ্গে।

এসএমই খাতের সুষ্ঠ বিকাশ ও উন্নয়নের মাধ্যমে টেকসই শিল্পায়ন তথা জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে এসএমই ফাউন্ডেশন প্রতিষ্ঠা করা হয়েছে। প্রতিষ্ঠালগ্ন থেকেই এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নের জন্য নানাবিধ কর্মসূচী গ্রহণ করার মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে অবদান রেখে যাচ্ছে।

ফাউন্ডেশন দেশব্যাপি ১৭৭টি শিল্প ক্লাস্টার চিহ্নিত করে উন্নয়ন কর্মপরিকল্পনা অনুযায়ী ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাস্টারসমূহের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় দেশের বিভিন্ন প্রান্তে অবস্থিত ক্লাস্টারসমুহে উন্নয়ন কার্যক্রম পরিচালনা করছে।

বাংলাদেশে প্রথমবারের মত এসএমই ফাউন্ডেশন ক্লাস্টার ভিত্তিক ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ডিরেক্টরি প্রকাশ করেছে। ক্লাস্টার ডিরেক্টরিটি উদ্যোক্তাদের পণ্যের প্রচার প্রসার ও ক্রেতা-বিক্রেতার মধ্যে সংযোগ স্থাপনে সহায়ক ভূমিকা পালন করার পাশাপাশি বিভিন্ন ক্লাস্টারের অবস্থানসহ অন্যান্য তথ্য এ ডিরেক্টরিতে সন্নিবেশন করা হয়েছে। 'এসএমই ক্লাস্টার ডিরেক্টরি' বাংলাদেশের ক্লাস্টার ভিত্তিক উদ্যোক্তাদের একমাত্র ডাটাব্যাংক। প্রাথমিকভাবে ৩০টি ক্লাস্টারের প্রায় ৩,৫০০ জন উদ্যোক্তার তথ্য এবং সংশ্লিষ্ট ক্লাস্টারের পণ্য, কাঁচামাল, বাজার সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে।

ক্লাস্টার ভিত্তিক ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসার বাস্তবিক অবস্থা সম্পর্কে সামগ্রিক ধারণা লাভ, সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, দেশি-বিদেশি সংস্থা, অ্যাসোসিয়েশন ও চেম্বার, ক্রেতা-বিক্রেতাসহ ক্লাস্টার উন্নয়নের সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের গবেষণা এবং উদ্যোক্তাদের মাঝে আন্তঃসংযোগ সৃষ্টিতে 'এসএমই ক্লাস্টার ডিরেক্টরি' সহায়ক ভূমিকা পালন করবে মর্মে আশা করা যায়।

মহোদয়ের সদয় জ্ঞাতার্থে 'এসএমই ক্লাস্টার ডিরেক্টরি'- প্রেরণ করা হলো।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
নং ৩৬০৭ তারিখ ১৫.০১.২৩
বিভাগ -১
জিএম
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

ধন্যবাদান্তে,

২৬/১২/২০২২
ড. মোঃ মফিজুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ৮৯৬ তারিখ ২৫/০১/২৩
বিভাগ DGM Credit
উমপ্রবি-১